

# ইন্টারনেটে ভুয়া কনটেন্ট, মিথ্যা কিংবা বিদ্বेषপূর্ণ প্রচারণা যাচাই করে নিবেন কখন?



সম্পূর্ণ অপরিচিত উৎস, কোনো উৎস না থাকা বা সংগৃহীত বলে চালিয়ে দেয়া কনটেন্ট!



উস্কানিমূলক কিংবা মুখরোচক কোনো টাইটেল বা হেডলাইন দেয়া - যার সাথে মূল বিষয়বস্তু কিংবা তথ্য-উপাত্তের কোনো মিল না থাকা!



কোনো ব্যঙ্গাত্মক বা হাস্য-রসাত্মক ওয়েবসাইট বা প্রোফাইল থেকে নেয়া কনটেন্টকে সত্যি ঘটনা কিংবা বাস্তব বলে চালিয়ে দেয়া!



ছবি কিংবা ভিডিও যা পরিবর্তন কিংবা এডিট করে ব্যবহার করা হয়েছে এমন কনটেন্ট!



গুণগতভাবে নিম্নমানের লেখা, বানান কিংবা ব্যাকরণ ভুল, তথ্য অসঙ্গতি, বানানো উদ্ভৃতি, ভুল পরিসংখ্যান ইত্যাদি দিয়ে পরিবেশন করা কনটেন্ট!



লেখকের নাম না থাকা, অপরিচিত লেখক, অতীতে ভুল, মিথ্যা কিংবা বিদ্বেষ-পূর্ণ বক্তব্যের জন্য পরিচিত ব্যক্তির কনটেন্ট প্রমোট করা!



স্থান, সময় কিংবা তারিখে অসঙ্গতি, অন্য কোথাও কিংবা অতীতের কোনো ঘটনার তথ্য, ছবি নতুন ঘটনা কিংবা বর্তমানের বলে চালিয়ে দেয়া!



কোনো পরিচিত মিডিয়া কিংবা প্রতিষ্ঠিত কোম্পানির নাম, লোগো সামান্য পরিবর্তন করে তথ্য প্রচার করার চেষ্টা!

মানুষের জাতি, ধর্ম, বর্ণ, লিঙ্গ, সংস্কৃতি, ভাষা ইত্যাদি ব্যক্তিগত পরিচয়ের অনুভূতিকে উস্কানি কিংবা প্ররোচনা দিয়ে লেখা বা বলা কনটেন্ট!



অপ্রাসঙ্গিক কিংবা অপ্রয়োজনীয় কারণে ব্যক্তিগত তথ্য (যেমন নাম, বয়স, ঠিকানা, ছবি, ফোন নম্বর, ইমেইল এড্রেস, আয়, ব্যাঙ্ক একাউন্ট নম্বর, পাসওয়ার্ড ইত্যাদি) বিনিময় করতে বলা কনটেন্ট!



কোনো বিষয়ে ষড়যন্ত্রের তথ্য প্রচার করে যে কনটেন্ট।



বিভিন্ন পুরস্কার, সুবিধা কিংবা ফ্রি কিছু পাইয়ে দেবার প্রস্তাব সম্বলিত কনটেন্ট!



আপনাকে কোনো কিছুতে সক্রিয় অংশগ্রহণ করতে (যেমন অনলাইন লাইক, শেয়ার দেয়া কিংবা বাস্তব জীবনে কোনো কর্মসূচিতে যোগদান ইত্যাদি) আহ্বান কিংবা প্ররোচিত করে যে কনটেন্ট!

অযৌক্তিক, আক্রোশ মূলক কিংবা ব্যক্তিগত আক্রমণ করা কনটেন্ট!



takeback  
thetech

b4@  
www.bytesforall.org  
Bytesforall Bangladesh

BDASN